দৈনিক সংবাদ

তারিখ ... APR. 21 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

405

## ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার সড়ক প্রসঙ্গে

প্রায়শই দেখা যায় যে, সড়ক দুর্ঘটনাকে কেন্দ্র করে হঠাৎ করে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় সড়কগুলো বন্ধ করে দেয়া হয়। ফলে স্বাভাবিকভাবেই আশপাশের সড়কগুলোতে প্রচন্ড যানজটের সৃষ্টি হয় যা সমগ্র ঢাকা শহরে সংক্রমণ হয়। তাছাড়া একটি দুর্ঘটনা ঘটলেই বিশ্ববিদ্যালয়ের একশ্রেণীর ছাত্র (!) সড়কগুলোতে চলাচলরত যানবাহন নির্বিচারে ভাঙচুর করে। এর ফলে অনেক নিরীহ যাত্রী ও পরিবহন শ্রমিক আহত হয়। সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রদের কাছে জাতি এ ধরনের অন্যায়, অযৌক্তিক মস্তানি আচরণ আশা করেন না। যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয় শহরের কেন্দ্রস্থলে অবস্থিত সেহেতু এই সড়কগগুলো ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলোর সাথে সম্পৃক্ত। অনেক প্রতিষ্ঠান যেমন ঢাকা মেডিক্যাল কলেজ, শহীদ মিনার, বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের, বাংলা একাডেমী, শিশু একাডেমী, আজিমপুর সরকারি কোয়ার্টার, নিউমার্কেট, এমন কি জাদুঘর, পিজি ও পুরান ঢাকা যেতে-আসতে বিশ্ববিদ্যালয় মধ্যকার সড়ক ব্যবহার করতে হয়। এতবড় একটি এলাকায় হঠাৎ করে ২/১টি দুর্ঘটনা ঘটতেই পারে। তা বলে কি সব সড়ক বন্ধ করে দিতে হবে? এখন যদি শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্ররা বলে যে তাদের আশেপাশে সকল সড়ক বন্ধ করে দিবে— তাহলে কি হবে? বা জনগণ যদি বলে ঢাকার কেন্দ্রস্থল থেকে বিশ্ববিদ্যালয়টি স্থানান্তর করা হোক— এটা কেমন হবে? এমনিতে সড়কের অভাবে ঢাকা শহর সব সময় যানজটযুক্ত তার মধ্যে কর্তৃপক্ষের এ ধরনের সিদ্ধান্ত কি হাস্যকর ও উদ্ভট নয়?

তার বদলে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করলে কেমন হয়?

ক) বিশ্ববিদ্যালয় এলাকায় অবস্থিত সকল সড়ক ও মোড়গুলোতে পর্যাপ্ত ট্রফিক পুলিশের ব্যবস্থা করা।

খ) বিশ্ববিদ্যালয় এলাকার সড়কগুলোতে যানবাহনের গতিসীমা কমানো যেতে পারে। এজন্য কিছু কিছু স্থানে স্পিড ব্রেকারের ব্যবস্থা করা।

গ) সড়কগুলো প্রশস্ত করা এবং পায়ে হাঁটার জন্য পর্যাপ্ত ফুটপাত নির্মাণ করা।

এম আহমেদ
২১১/২, দক্ষিণ পাইকপাড়া,
মিরপুর, ঢাকা।